গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শা:-১)

নং-৩৭.০০.০০০০.০৭৮.১০.০০৮.১১(voll-2)-১৩৫

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৫ / ২৬ এপ্রিল ২০১৮

প্রাপক: জনাব বি এম শামসুল হক
চেয়ারম্যান, শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি ট্রাস্ট
প্রতিষ্ঠাতা
শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি, রাজশাহী।

বিষয়: "শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি" অস্থায়ীভাবে স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ (২০১০ সনের ৩৫নং আইন) -এর ০৬ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তেসমূহ পরিপালন সাপেক্ষে প্রস্তাবিত "শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি"-কে স্থাপনের জন্য উক্ত আইনের ৭(১) ও (২) ধারা অনুযায়ী সাময়িক অনুমতি প্রদান করা হলো:

**শর্তসমূহ**

ক) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এ বর্ণিত সকল বিধান ও শর্ত মেনে চলবে;

খ) প্রস্তাবিত বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার উদ্দেশ্যে অনধিক ২১ (একুশ) কিন্তু অন্যূন ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি বোর্ড অব ট্রাস্টিজ গঠন করতে হবে;

গ) পাঠদানের জন্য প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের পর্যাপ্ত সংখ্যক শ্রেণিকক্ষ, লাইব্রেরি, ল্যাবরেটরি, মিলনায়তন, সেমিনার কক্ষ, অফিস কক্ষ, শিক্ষার্থীদের পৃথক কমন রুম এবং প্রয়োজনীয় অন্যান্য কক্ষের জন্য পর্যাপ্ত স্থান ও অবকাঠামো থাকতে হবে;

ঘ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের অন্যূন ২৫,০০০ (পঁচিশ হাজার) বর্গফুট আয়তন বিশিষ্ট নিজস্ব বা ভাড়াকৃত ভবন থাকতে হবে;

ঙ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ৩ (তিন) টি অনুষদ এবং উক্ত অনুষদের অধীন অন্যূন ৬ (ছয়) টি বিভাগ থাকতে হবে;

চ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম সম্পর্কিত একটি পরিকল্পনা প্রণয়ন করবে, যা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পূর্বে অনুমোদিত হতে হবে;

ছ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক বিভাগ, প্রোগ্রাম ও কোর্সের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত সংখ্যক পূর্ণকালীন যোগ্য শিক্ষক নিয়োগ করতে হবে;

জ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের একটি নিবিড় পাঠক্রম এবং প্রতিটি বিষয় ও কোর্স প্রণয়নসহ প্রত্যেক বিষয়ে মোট আসন সংখ্যা উল্লেখ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে;

ঝ) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং জাতীয় স্বার্থ ও শিক্ষার্থীদের স্বার্থের জন্য ক্ষতিকর বিবেচিত হতে পারে এমন কোন কার্যকলাপে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করবে না বা সন্ত্রাসী বা জঙ্গি তৎপরতা বা এই জাতীয় কোন কার্যকলাপে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোনভাবেই কোন পৃষ্ঠপোষকতা প্রদান করবে না;

ঞ) কেবল বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অনুষদ, বিভাগ ও কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি এবং শুধু ক্যাম্পাস ভিত্তিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে। দূরশিক্ষণ পদ্ধতিতে কোন কোর্সের কার্যক্রম পরিচালনা করা যাবে না;

ট) প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ করতে হবে। সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্বানুমোদন ব্যতীত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু করা যাবে না;

ঠ) নির্দিষ্ট শহর বা স্থানে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ক্যাম্পাস সীমিত রাখতে হবে এবং অন্য কোন স্থানে বিশ্ববিদ্যালয়ের কোন কার্যক্রম পরিচালনা বা কোন ক্যাম্পাস বা শাখা স্থাপন ও পরিচালনা করা যাবে না;

ড) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধীনে কোনরূপ মেডিক্যাল-ডেন্টাল ফ্যাকাল্টি অথবা চিকিৎসা সংক্রান্ত কোন কোর্স যেমন-ফিজিওথেরাপি, প্যারা মেডিক্যাল- মেডিক্যাল টেকনোলজি ইত্যাদি পরিচালনা করা যাবে না;

চলমান পাতা-২



১৭৫

ঢ) নিয়োজিতব্য শিক্ষক অন্য বিশ্ববিদ্যালয়ে-প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাঁর মূল নিয়োগকারী বিশ্ববিদ্যালয়ের-প্রতিষ্ঠানের ছাড়পত্র গ্রহণ করতে হবে;

ণ) বিশ্ববিদ্যালয়ে কোন বিদেশি নাগরিককে শিক্ষক-বিশেষজ্ঞ হিসেবে কিংবা কর্মকর্তা-কর্মচারী হিসেবে নিয়োগ করতে হলে এ সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারি বিধান যথাযথভাবে পালন করতে হবে;

ত) শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার শর্তাবলি অনুসরণ করতে হবে;

থ) সরকার-কমিশন এর পূর্বানুমোদন ব্যতীত বিদেশি কোন বিশ্ববিদ্যালয়ের সাথে কোন ধরণের চুক্তি বা Academic Collaboration করা যাবে না;

দ) বিশ্ববিদ্যালয়ের জন্য জরুরি ভিত্তিতে পূর্ণাঙ্গ স্ট্যাটিউটস (Statutes) প্রণয়ন করে তা অনুমোদনের লক্ষ্যে যথানিয়মে শিক্ষা মন্ত্রণালয় ও কমিশন এর নিকট দাখিল করতে হবে;

ধ) সংশ্লিষ্ট বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিল (Reserved Fund) হিসেবে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য অন্যূন ৫ (পাঁচ) কোটি টাকা, অন্যান্য মেট্রোপলিটন এলাকার জন্য অন্যূন ৩ (তিন) কোটি টাকা এবং অন্যান্য এলাকার জন্য ১.৫ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা যে কোন বাণিজ্যিক তফসিলি ব্যাংকে জমা রাখতে হবে এবং সরকারের পূর্বানুমোদন ব্যতীত তা বা এর লভ্যাংশ উত্তোলন করা যাবে না। এ ছাড়াও এফ.ডি.আর. auto-renewal হতে হবে;

ন) বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য প্রাথমিকভাবে ব্যয় বহনের জন্য একটি Sustainability Fund থাকা অত্যাবশ্যকীয়;

প) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের বিধান, সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিদ্যমান ও সময়ে সময়ে জারিতব্য আদেশ-নির্দেশ, নীতিমালা ইত্যাদি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে;

ফ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী অস্থায়ীভাবে বিশ্ববিদ্যালয় স্থাপনের তারিখ থেকে নির্ধারিত সময়ের মধ্যে সরকার কর্তৃক অনুমোদিত ভূমি ও পর্যাপ্ত অবকাঠামোর মধ্যে বিশ্ববিদ্যালয় স্থায়ীভাবে স্থাপন করতে হবে;

ব) কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় বা এর পক্ষে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, চ্যান্সেলরের পূর্বানুমোদন ব্যতীত, দেশের বাইরের কোন উৎস হতে কোন তহবিল সংগ্রহ করতে পারবে না এবং অনুরূপ কোন তহবিল সংগ্রহ করতে হলে সরকারের মাধ্যমে চ্যান্সেলরের নিকট এতদ্‌সংক্রান্ত অনুমোদন গ্রহণের আবেদন দাখিল করতে হবে।

(জিন্নাত রেহানা)
উপ-সচিব (বে:বি:-১)
ফোন: ৯৫৪৯১৭৬

নং-৩৭.০০.০০০০.০৭৮.১০.০০৮.১১(voll-2)-১৩৫/১(৭)

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৫
২৬ এপ্রিল ২০১৮

অনুলিপি: সদয় অবগতির জন্য( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা ।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪। পরিচালক-৭, প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, (ওয়েবসাইডে আপলোডের অনুরোধসহ)।

(জিন্নাত রেহানা)
উপ-সচিব (বে:বি:-১)